ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

<u>স-৩০৩</u>

পানিসাগর,২৩ এপ্রিল,২০২৫

**বাল্যবিবাহ : পানিসাগর টাউনহলে**
**সচেতনতামূলক শিবির অনুষ্ঠিত**

পানিসাগর মহকুমা প্রশাসনের উদ্যোগে আজ পানিসাগর টাউনহলে বাল্যবিবাহ প্রতিরোধ আইন বিষয়ক এক সচেতনতামূলক শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে উদ্বোধন করেন পানিসাগর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন অনুরাধা দাস। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পানিসাগর নগর পঞ্চায়েতের ভাইস চেয়ারপার্সন ধনঞ্জয় দেবনাথ, পানিসাগর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান কল্পনা দেবনাথ, পানিসাগর মহকুমার ডি.সি.এম. দিবাকর জমাতিয়া, ডি.সি.এম. অনিরুদ্ধ দাস, পানিসাগর ব্লকের অতিরিক্ত বি.ডি.ও. জয়মানিক বংশী, চিকিৎসক ডা. অনুরাভ ধর, পুলিশ ইনস্পেক্টর বিনয় দেববর্মা, সি.ডি.পি.ও. গোবিন্দ লাল দাস প্রমুখ। শিবিরে বাল্যবিবাহ প্রতিরোধ আইনের বিভিন্ন দিক নিয়ে অতিথিগণ বিস্তারিতভাবে আলোচনা করেন। অনুষ্ঠানে স্থানীয় জনপ্রতিনিধিগণ সহ বিভিন্ন সামাজিক সংগঠনের প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন।

*****